

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd
iaudhaka@gmail.com



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩
পশ্চিম ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।

স্মারক নং ইআবি/একা-৩২/ফা.অ.২য় ও ৩য়/ভর্তি/২০১৭/৫৮-২৬

তারিখ: ১১/০৬/২০১৮

ফাজিল অনার্স ২য় ও ৩য় বর্ষে সেশন ফি'সহ অন্যান্য ফি' জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত অনার্স মাদরাসার অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ফাজিল অনার্স ২য় বর্ষ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ফাজিল অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ায় নিম্নবর্ণিত তফসিল অনুসারে সেশন ফি'সহ অন্যান্য ফি' আদায়ের কার্যক্রম শুরু করতে হবে।

তফসিল:

(ক) সংশ্লিষ্ট মাদরাসাসমূহ ফলাফল প্রকাশের ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যেই নিম্নবর্ণিত সেশন ফি'সহ অন্যান্য ফি' আদায় স্বাপেক্ষে ফাজিল অনার্স ২য় ও ৩য় বর্ষের সংশ্লিষ্ট কাজ সম্পন্ন করবে। আদায়কৃত অর্থ ব্যাংকে জমা দিয়ে ব্যাংক অনলাইন/টি.টি, রশিদ এর মূল কপি পরবর্তী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

(খ) প্রতি ছাত্র-ছাত্রী ফাজিল অনার্স ২য় ও ৩য় বর্ষের সেশন ফি'সহ অন্যান্য ফি' নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো। উক্ত ফি' সমূহের মধ্যে সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থ মাদরাসা পাবে এবং অবশিষ্ট ৫০% অর্থসহ অন্যান্য ফি' বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

শ্রেণী	সেশন ফি'	ক্রীড়া ফি'	রোভার স্কাউটস /বি.এন.সি.সি ফি'
ফাজিল (অনার্স) ২য় ও ৩য় বর্ষ	৩০০/-	৫০/-	২৫/-

(গ) স্ব স্ব মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ফি' সমূহ আদায়ের পরবর্তী কর্মদিবসেই উক্ত ফি' {সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' অর্থাৎ প্রতি ছাত্র-ছাত্রী ২০০/- (দুইশত) টাকা হারে} রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর হিসাব নম্বর : (STD) 0200004383365 অগ্রণী ব্যাংক, সাত মসজিদ রোড শাখা-এর অনুকূলে {অগ্রণী ব্যাংকের অনলাইন ব্যাংকিং/ টি.টি.(যেখানে অনলাইন ব্যাংকিং নেই) ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট/টি.টি গ্রহণ করা হবে না} জমা প্রদান করবে। উক্ত অনলাইন ব্যাংকিং/ টি.টি. রশিদের সাথে ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকাও জমা দিতে হবে।

(ঘ) ফাজিল অনার্স শ্রেণীতে রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী ফাজিল অনার্স ১ম ও ২য় বর্ষ পরীক্ষা-২০১৭ এ অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়েছে সে সকল ছাত্র-ছাত্রীকেও পরবর্তী শিক্ষাবর্ষে (Immediate Year) (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা স্বাপেক্ষে) বিধি অনুযায়ী উপরোক্ত ফি' প্রদান {প্রতি ছাত্র-ছাত্রী ২০০/- (দুইশত) টাকা হারে} স্বাপেক্ষে ফাজিল অনার্স পরীক্ষার ফলাফল প্রকাশের ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সেশন ফি'সহ অন্যান্য ফি' জমা দিতে হবে।

ছাত্র-ছাত্রীদের তালিকাসহ আদায়কৃত অর্থের অনলাইন ব্যাংকিং এর জমা দানের মূল রশিদ পরবর্তী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের বহিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ের একাডেমিক শাখায় সরাসরি /ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে জমা দিতে হবে।

(ঙ) সকল ছাত্র-ছাত্রীর আদায়কৃত ফি' সমূহ একটি ব্যাংক স্লিপের মাধ্যমে জমা দেওয়া যাবে, তবে শিক্ষাবর্ষ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের তালিকা আলাদা আলাদা করে জমা দিতে হবে।



রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।